



সবাই মিলে শপথ করি
করোনামুক্ত দেশ গড়ি

THE
HUNGER
PROJECT

উদ্ভাস

দি হাস্কার প্রজেক্ট-বাংলাদেশ খুলনা অঞ্চলের অন-লাইন সাপ্তাহিক
(সংখ্যা # ০০১; বর্ষ # ০১; জুলাই ২৫, ২০২০ খ্রী:)

করোনা প্রতিরোধে বাগেরহাটের বিভিন্ন উপজেলায় সর্বদলীয় সম্মিলিত ফোরামের প্রচারণা

‘স্বাস্থ্যবিধি পালন করি, করোনামুক্ত জনপদ গড়ি’ স্লোগান নিয়ে বাগেরহাটে করোনা প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধিতে প্রচারণা চালানো হয়েছে। সদর উপজেলার কাড়াপাড়া ও ষাটগম্বুজ ইউনিয়নে যথাক্রমে বিগত ১৬ ও ১৭ জুলাই ২০২০ তারিখে দুদিনব্যাপী এই প্রচারণা চালানো হয়। বাগেরহাট সদর সর্বদলীয় সম্মিলিত ফোরাম এবং ‘দি হাস্কার প্রজেক্ট-বাংলাদেশ’ এর যৌথ উদ্যোগে কাড়াপাড়া ও ষাটগম্বুজ ইউনিয়নের বিভিন্ন হাট-বাজার ও গ্রামে গ্রামে মাইকিং করে করোনা প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির জন্য স্বাস্থ্যবিধির নিয়ম-কানুন পালন করার আহ্বান করা হয়। এছাড়া ইউনিয়নের মারগা ও দরগাহ্ বাজারে মাস্কবিহীন দোকানদার ও ক্রেতাদের মাঝে বিনামূল্যে ৬০০ মাস্ক, ৪০০ সাবান এবং প্রচারপত্র বিতরণ করা হয়।

কাড়াপাড়া ইউনিয়ন চেয়ারম্যান, বাগেরহাট সদর উপজেলা সর্বদলীয় সম্মিলিত ফোরামের পিস এ্যাম্বাসেডর ও



পিস এ্যাম্বাসেডরদের জেলা নেটওয়ার্কের সমন্বয়কারী ও বাগেরহাট পৌর আওয়ামীলীগ সভাপতি শেখ বশিরুল ইসলাম প্রচারণার উদ্বোধনী বক্তব্য বলেন, করোনায় সারাবিশ্বের মত বাংলাদেশও আক্রান্ত। খুলনাসহ আমাদের প্রিয় বাগেরহাটের সকল উপজেলায় এই মহামারি ছড়িয়ে পড়েছে। করোনা প্রতিরোধে আমাদের আরো সাবধান হতে হবে। নিজেকে বাঁচাতে হবে।

অন্যদিকে, করোনা ভাইরাস মোকাবেলায় মোংলায় ২২ জুলাই বুধবার সকালে সর্বদলীয় সম্মিলিত ফোরামের উদ্যোগ ও দি হাস্কার প্রজেক্টের সহযোগিতায় মাস্ক বিতরণ, সচেতনতামূলক মাইকিং ও সভা অনুষ্ঠিত হয়। সকাল সাড়ে ১১টায় মোংলা প্রেসক্লাব মিলনায়তনে সর্বদলীয় সম্মিলিত ফোরামের সভায় সভাপতিত্ব করেন মোংলা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোঃ ইব্রাহিম হোসেন।



সভায় বক্তব্য রাখেন সূজন-সুশাসনের জন্য নাগরিক মোংলার সাধারণ সম্পাদক মোঃ নূর আলম শেখ, মোংলা পোর্ট পৌরসভার প্যানেল মেয়র বিএনপি নেতা মোঃ আলাউদ্দিন, সিপিবি নেতা মোঃ নাজমুল হক, মাহারুফ বিল্লাহ, যুবদল নেতা শেখ শাকির হোসেন, মোঃ জাহিদ হোসেন, নারীনেত্রী কমলা সরকার, হাদিসা খাতুন এবং দি হাস্কার প্রজেক্ট বাংলাদেশের এসপিএল প্রজেক্টের বাগেরহাট জেলা সমন্বয়কারী মোঃ মাহবুব হোসেন।

পরিবারকে বাঁচাতে হবে। তাই- জরুরী কাজে ঘরের বাইরে অবশ্যই মাস্ক পরুন এবং কেনাকাটা ও চলাফেরার সময় শারিরিক দূরত্ব বজায় রাখুন। পাশাপাশি প্রয়োজনে বাহিরে গেলে ফিরে এসে সাবান পানি দিয়ে কমপক্ষে ২০ সেকেন্ড দুই হাত পরিষ্কার করুন।

১৭ জুলাই আরেকটি প্রচারণা অনুষ্ঠানে ষাটগম্বুজ ইউনিয়ন চেয়ারম্যান শেখ আকতারুজ্জামান বাচ্চু এবং



কাড়াপাড়া ইউনিয়ন চেয়ারম্যান উপস্থিত ছিলেন। এসময় বাগেরহাট সদর উপজেলা সর্বদলীয় সম্মিলিত ফোরামের পিস এ্যাম্বাসেডর শেখ আকতারুজ্জামান বাচ্চু প্রচারণার উদ্বোধনী বক্তব্য বলেন, করোনা মহামারিতে আজ আমরাও আক্রান্ত। বাগেরহাটেও এই মহামারি ছড়িয়ে পড়েছে। আমাদের আরো সাবধান হয়ে করোনাকে প্রতিরোধ করতে

সভায় বক্তারা করোনা ভাইরাস কোভিড-১৯ মোকাবেলায় দলমত নির্বিশেষে ঐক্যবদ্ধ ভাবে



দেশবাসীর পাশে থাকার জন্য সকলের প্রতি আহ্বান জানান। সভা শেষে মোংলা পোর্ট পৌরসভা এবং ছয় ইউনিয়নে সাত শতাধিক মানুষের মাঝে মাস্ক বিতরণ ও সচেতনতা বৃদ্ধিতে মাইকিং করা হয়।

হবে। করোনার মহামারিতে এবং দেশের ক্রান্তিকালে ‘দি হাস্কার প্রজেক্ট-বাংলাদেশ’ এর খুলনা অঞ্চলের স্বেচ্ছাসেবীরা বিভিন্ন কার্যক্রম করে যাচ্ছে। Moutola এবং জনগণকে উদ্বুদ্ধ ও সংগঠিত করছে। তাদের কাজের মাধ্যমে সারাদেশের স্বেচ্ছাসেবীদের উদ্বুদ্ধ ও ক্ষমতায়িত করতেই ‘উদ্ভাস’ এর উদ্ভব। অনভীপ্রেত ভুলের জন্য পাঠকের কাছে ক্ষমাপ্রার্থী। - সম্পাদক

স্বাস্থ্যবিধিগুলো পালন করার পাশাপাশি পরিবারের সকলকে, প্রতিবেশী, শিশুদেরকেও সাবধান করতে হবে।

এসময় উপস্থিত ছিলেন বাগেরহাট সদর সর্বদলীয় সম্মিলিত ফোরামের এ্যাম্বাসেডর এসকে আব্দুল হাসিব, সদস্য প্রাক্তন অধ্যাপক আসাদুজ্জামান, মুক্তিযোদ্ধা ও অবসরপ্রাপ্ত শিক্ষক আবু বক্কর সিদ্দিক, ইয়ুথ এ্যাম্বাসেডর হাঙ্গার জেলা সমন্বয়কারী কাজি মিজানুর রহমান, হাঙ্গার প্রজেক্টের ইউনিয়ন সমন্বয়কারী মনির মোল্লা এবং ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটের মোঃ মাহবুব হোসেন।

উল্লেখ্য, উপরের তিনটি সচেতনতামূলক ক্যাম্পেইনের সংবাদ বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রকাশিত হওয়ায় সেগুলো বাগেরহাটের বিভিন্ন উপজেলা ও ইউনিয়নেও করোনা প্রতিরোধে সচেতনতা সৃষ্টিতে ভূমিকা রাখে।

উপদেষ্টামন্ডলি: মাসুদুর রহমান রঞ্জু, রবিউল ইসলাম, সত্যজিৎ দেবনাথ

সম্পাদক: মোঃ মাহবুব হোসেন

সহযোগীতায়: দি হাস্কার প্রজেক্ট-বাংলাদেশ এর খুলনা অঞ্চলের কর্মীবৃন্দ

পরিতোষ টাওয়ার, ১০ শের-এ-বাংলা রোড, খুলনা।

করোনার মহামারিতে এবং দেশের ক্রান্তিকালে ‘দি হাস্কার প্রজেক্ট-বাংলাদেশ’ এর খুলনা অঞ্চলের স্বেচ্ছাসেবীরা বিভিন্ন কার্যক্রম করে যাচ্ছে এবং জনগণকে উদ্বুদ্ধ ও সংগঠিত করছে। তাদের কাজের মাধ্যমে সারাদেশের স্বেচ্ছাসেবীদের উদ্বুদ্ধ ও ক্ষমতায়িত করতেই ‘উদ্ভাস’ এর উদ্ভব। অনভীপ্রেত ভুলের জন্য পাঠকের কাছে ক্ষমাপ্রার্থী। - সম্পাদক